



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল-২, ঢাকা

২য় ১২ তলা সরকারি অফিস ভবন (২য় তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০

www.taxeszone2.gov.bd

কর অঞ্চল-২, ঢাকার সম্মানিত করদাতাগণের ২০২৫-২০২৬ অর্থবছরের
(২০২৬-২০২৭ কর বছরের জন্য) অগ্রিম আয়কর পরিশোধের বিজ্ঞপ্তি

কর অঞ্চল-২, ঢাকার অধিক্ষেত্রাধীন সম্মানিত করদাতাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরের (২০২৬-২০২৭ কর বছরের জন্য প্রযোজ্য) সমান ০৪ (চার) কিস্তিতে প্রদেয় অগ্রিম আয়করের পরিশোধের সর্বশেষ তারিখ যথাক্রমে ১ম কিস্তি ১৫ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি., ২য় কিস্তি ১৫ ডিসেম্বর, ২০২৫ খ্রি., ৩য় কিস্তি ১৫ মার্চ, ২০২৬ খ্রি. এবং ৪র্থ কিস্তি ১৫ জুন, ২০২৬ খ্রি.। আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৫৪ অনুযায়ী যে সকল করদাতার সর্বশেষ নিরূপিত আয় ০৬ (ছয়) লক্ষ টাকার বেশী তাদের জন্য সর্বশেষ করবর্ষে পরিশোধিত আয়করের সমপরিমাণ অগ্রিম আয়কর প্রদানের বিধান প্রযোজ্য হবে। এ প্রেক্ষিতে কর অঞ্চল-২, ঢাকার সম্মানিত করদাতাগণকে উক্ত কিস্তি সমূহের অগ্রিম আয়কর উল্লিখিত তারিখের মধ্যে এ-চালানের মাধ্যমে পরিশোধের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

করদাতা কর্তৃক বিধি অনুযায়ী যথাসময়ে অগ্রিম কর পরিশোধ করা না হলে ধারা ১৫৭ অনুযায়ী খেলাপী করদাতা হিসেবে গন্য করনসহ ধারা ১৬২ অনুযায়ী সরল সুদ আরোপ করার বিধান রয়েছে। এছাড়া নির্ধারিত তারিখের মধ্যে অগ্রিম কর পরিশোধ করা না হলে আয়কর আইন, ২০২৩ এর ধারা ২৬৯ অনুযায়ী প্রদেয় করের সমপরিমাণ অংক জরিমানা আরোপের বিধান রয়েছে।

প্রদেয় অগ্রিম কর, সম্মানিত করদাতা তাঁর সংশ্লিষ্ট সার্কেলের উপ কর কমিশনার এর অনুকূলে এ-চালানের মাধ্যমে কর অঞ্চল-২, ঢাকার নিম্নবর্ণিত হিসাব কোডে পরিশোধ করবেন।

কর অঞ্চল-২, ঢাকার আয়কর জমার হিসাব কোড নিম্নরূপঃ

কোম্পানী করদাতার জন্য : ১১১০২১৫১০২৪১৮-১১০০০০০০-১১০০১০০০-১১১২১০১

ব্যক্তি শ্রেণীর করদাতার জন্য: ১১১০২১৫১০২৪১৮-১১০০০০০০-১১০০১০০০-১১১১১০১

অধিকতর তথ্য ও অনুসন্ধানের জন্য যোগাযোগ

উপ কর কমিশনার সদর দপ্তর(প্রশাসন) ফোনঃ ৪৮৩১০৯৬৮	উপ কর কমিশনার সদর দপ্তর(প্রায়োগিক) ফোনঃ ৪৮৩২০৮৫
--	--

জাতীয় রাজস্ব আহরণে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

(সফিনা জাহান)

কর কমিশনার

কর অঞ্চল-২, ঢাকা